

## 💵 মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ১৫০

মুসনাদে উমার ইবনুল খাত্তাব (রাঃ) [উমারের বর্ণিত হাদীস] (مسند عمر بن الخطاب)

## আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ إِسْحَاقَ، حَدَّثَنَا ابْنُ لَهِيعَة، عَنْ عَطَاءِ بْنِ دِينَارٍ، عَنْ أَبِي يَزِيدَ الْخَوْلَانِيّ، قَالَ: سَمِعْتُ فَضَالَة بْنَ عُبَيْد، يَقُولُ: سَمِعْتُ عُمَرَ بْنَ الْخَطَّابِ يَقُولُ: سَمِعْتُ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: " الشُّهَدَاءُ أَرْبَعَةٌ: رَجُلٌ مُوْمِنٌ جَيِّدُ الْإِيمَانِ لَقِيَ الْعَدُوَّ فَصَدَقَ اللهَ فَقُتِلَ، فَذَلِكَ الَّذِي يَنْظُرُ النَّاسُ إِلَيْهِ هَكَذَا \_ وَرَفَعَ رَأْسَهُ حَتَّى سَقَطَتْ فَصَدَقَ اللهَ فَقُتِلَ، فَذَلِكَ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، أَوْ قَلَنْسُوةُ عُمَرَ \_ وَالثَّانِي: رَجُلٌ مُؤْمِنٌ لَقِيَ الْعَدُوَّ فَكَأَنَّمَا يُصْرُبُ ظَهْرُهُ بِشَوْكِ الطَّلْحِ، جَاءَهُ سَهْمُ غَرْبِ فَقَتَلَهُ، فَذَلِكَ فِي الدَّرَجَةِ الثَّانِيَةِ، وَالتَّالِثُ: رَجُلٌ مُؤْمِنٌ خَلَطَ عَمَلًا صَالِحًا وَآخَرَ سَيِّئًا، لَقِيَ الْعَدُوقَ فَصَدَقَ اللهَ عَنَّ اللهَ عَنَّ الْعَدُوقَ فَصَدَقَ اللهَ عَنَّ وَجُلَّ مُؤْمِنٌ أَسْرَفَ عَلَى نَفْسِهِ إِسْرَافًا وَجَلَّ مَتَّى الْعَدُوقَ فَصَدَقَ اللهَ عَنَّ وَجَلَّ حَتَّى قُتِلَ، فَذَلِكَ فِي الدَّرَجَةِ التَّالِثَةِ، وَالرَّابِعُ رَجُلٌ مُؤْمِنٌ أَسْرَفَ عَلَى نَفْسِهِ إِسْرَافًا كَثِي الْعَدُوقَ فَصَدَقَ اللهَ حَتَّى قُتِلَ، فَذَلِكَ فِي الدَّرَجَةِ الرَّابِعُ رَجُلٌ مُؤْمِنٌ أَسْرَفَ عَلَى نَفْسِهِ إِسْرَافًا كَثِيرًا، لَقِيَ الْعَدُوقَ فَصَدَقَ اللهَ حَتَّى قُتِلَ، فَذَلِكَ فِي الدَّرَجَةِ الرَّابِعُ رَجُلٌ مُؤْمِنٌ أَسْرَفَ عَلَى نَفْسِهِ إِسْرَافًا كَثِيرًا، لَقِيَ الْعَدُوقَ فَصَدَقَ اللهَ حَتَّى قُتِلَ، فَذَلِكَ فِي الدَّرَجَةِ الرَّابِعَةِ

إسناده ضعيف

## বাংলা

১৫০। ফুযালা বিন উবাইদ বলেন, উমার ইবনুল খান্তাব (রাঃ) কে বলতে শুনেছি, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি যে, শহীদগণ চার শ্রেণীরঃ প্রথম, দৃঢ় ঈমানের অধিকারী, শক্রর মুখোমুখি হলো, আল্লাহর সাথে কৃত অঙ্গীকার সত্যে পরিণত করলো এবং নিহত হলো। তার দিকে লোকেরা এভাবে তাকাবে, এ কথা বলে তিনি মাথা এতটা উঁচু করলেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বা উমারের টুপি পড়ে গেল। দ্বিতীয়, সেই ঈমানদার ব্যক্তি, যে শক্রর মুকাবিলা করলো। তারপর যেন তালাহ গাছের কাটা দ্বারা সে ক্ষতবিক্ষত হলো। তার ওপর একটা ধারালো তীর এসে পড়লো এবং তাতেই সে নিহত হলো। সে দ্বিতীয় স্তরের শহীদ। তিন, সেই মুমিন ব্যক্তি, যে ভালো কাজ ও মন্দ কাজ মিশ্রিত করেছে, সে শক্রর মুকাবিলা করলো, আল্লাহর সাথে কৃত অঙ্গীকার সত্যে পরিণত করলো এবং নিহত হলো। সে তৃতীয় স্তরের শহীদ। চতুর্থ, এমন মুমিন, যে নিজের ওপর অনেক যুলুম করেছে, সে শক্রর মুকাবিলা করলো, আল্লাহর সাথে কৃত অঙ্গীকার সত্যে পরিণত করলো এবং নিহত হলো। সে চতুর্থ স্তরের শহীদ।



## [মুসনাদ আহমাদ-১৪৬]

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন